প্রথম আলো

তারিখ ০৬ JAN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/০৫(৫৪)/৫/৭৩২ তারিখ : ৩০ ডিসেম্বর, ২০১৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

**শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট**-এর **কম্পিউটার ও তথ্য কেন্দ্রে আইটি ম্যানেজার**-এর **০১ (এক)**টি পদে (আভ্যন্তরীণ প্রার্থীদের পদোন্নতির লক্ষ্যে) লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**বেতন স্কেল :** টা. ৪৩০০০-৪৪৯৪০-৪৬৯৭০-৪৯০৯০-৫১৩০০-৫৩৬১০-৫৬০৩০-৫৮৫৬০-৬১২০০-৬৩৯৬০-৬৬৮৪০-৬৯৮৫০/= (২০১৫ সালের জাতীয় বেতন স্কেল অনুযায়ী)।

**যোগ্যতা ও অভিজ্ঞতা :** প্রার্থীর কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিকস এন্ড কমিউনেকশন ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রিসহ কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে আইটি ব্যবস্থাপনাসহ প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট/সিস্টেম এন্ড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং পদে (জাতীয় বেতন স্কেল ০৬ নং গ্রেডভুক্ত) ন্যূনতম ০৬ (ছয়) বছরের চাকুরীর অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মকর্তা পদে কমপক্ষে ১০ বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।

অথবা

কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ারিং-এ কমপক্ষে ০৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমাসহ প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট/সিস্টেম এন্ড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার পদে (জাতীয় বেতন স্কেল ০৬ নং গ্রেডভুক্ত) ০৭ বছরের অভিজ্ঞতাসহ এই বিশ্ববিদ্যালয়ে সর্বমোট ১৮ (আঠার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

প্রার্থীকে বাংলাদেশ কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হতে হবে।

বয়স : সর্বোচ্চ ৪৫ (পয়তাল্লিশ) বছর।

**আবেদনপত্র জমাদান :**

রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর উপরোক্ত পদের জন্য ৬০০/= (ছয়শত) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ০৮ সেট দরখাস্ত আগামী **২৫ জানুয়ারি, ২০১৬ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিস-এ** পৌছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর হতে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sust.edu) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ/বিবেচনা করা হবে না।

**রেজিস্ট্রার**

স-০৩/১৬ (১০" x৩)